

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কিশোরগঞ্জ, নীলফামারী
www.acl.kishorganj.nilphamari.gov.bd

“পুরাতন মালামাল/গাছ প্রকাশ্য নিলাম ডাকের বিজ্ঞপ্তি”

স্মারক নম্বর : ৩১.০২.৭৩৪৫.০০০.০৩.০১০.২৪ (অংশ)- ৮৩০

তারিখ : ১৮ সেপ্টেম্বর ২০২৪

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ ইউনিয়ন ভূমি অফিসের সামনে মরা গাছের কিছু কাণ্ড, গাড়াগ্রাম ইউনিয়নের গাড়াগ্রাম মৌজার গাড়াগ্রাম হাটের পশ্চিম দিকে একটি বটগাছ ও মাগুড়া ইউনিয়ন ভূমি অফিসের সামনে আম গাছের ডাল ও মরা গাছের কিছু কাণ্ড উপজেলা সরকারি গাছ নিলাম কমিটির গত ১৭-০৯-২০২৪ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২৫-০৯-২০২৪ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে প্রকাশ্য নিলাম ডাকে বিক্রয় করা হবে। আগ্রহী ডাককারীগণকে ডাকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। বিস্তারিত তথ্য পেতে উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জে যোগাযোগ করার জন্য বলা হলো।

শর্তসমূহ :

- ০১। উপরোক্ত কাণ্ড, গাছ ও গাছের ডাল বনবিভাগ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন মূল্য ২৯,৬১০/- (উনত্রিশ হাজার ছয়শত দশ) টাকা।
- ০২। ডাকে অংশগ্রহণকারী ব্যক্তিকে জামানত বাবদ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা জমা প্রদান করতে হবে।
- ০৩। ডাকমূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর চালানোর মাধ্যমে জমা দিতে হবে।
- ০৪। সর্বোচ্চ ডাককারীর ডাক গ্রহণযোগ্য হবে।
- ০৫। ডাকের সাকুল্য টাকা এককালীন জমা দিতে হবে।
- ০৬। নির্ধারিত সময়ের মধ্যে ডাকের টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত হবে এবং সরকারের কোষাগারে জমা হবে।
- ০৭। নিলাম ডাকে অংশ নেয়ার পূর্বে আবশ্যিকভাবে উক্ত কাণ্ড, গাছ ও গাছের ডাল দেখে আসতে হবে।
- ০৮। নিলামকৃত গাছ নিজ ব্যয়ে কর্তন এবং অপসারণ করতে হবে।
- ০৯। নিলাম বিজ্ঞপ্তি বাতিল বা সংরক্ষণসহ নিলাম বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিলামকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিলাম প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি করা যাবে না।

মোঃ মঈন খান এলিস
সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য সচিব

পুরাতন মালামাল/গাছ নিলাম কমিটি
কিশোরগঞ্জ, নীলফামারী

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ০১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নীলফামারী।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী।
- ০৪। উপজেলা প্রকৌশলী, কিশোরগঞ্জ, নীলফামারী।
- ০৫। উপজেলা বন কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
- ০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,, কিশোরগঞ্জ, নীলফামারী। নিলাম ডাকের বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য বলা হলো এবং নিলাম ডাকের দিন ও ধার্য সময়ে উপস্থিত থাকার জন্যও বলা হলো।
- ০৭। কম্পিউটার অপারেটর, উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ, নীলফামারী (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৮। অফিস নথি/নোটিশ বোর্ড।